

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

নং-কুসক-২০২২/৫০

তারিখঃ- ২৪/০৩/২০২২

-ঃ বিজ্ঞপ্তি :-

এতদ্বারা ২০২১ - ২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তিকৃত সকল ছাত্র/ছাত্রীদের জানানো যাচ্ছে যে, শিক্ষা বোর্ডসমূহ বৃত্তির নামের তালিকা (বৃত্তির গেজেট) স্ব স্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করেছে; মাধ্যমিক পরীক্ষা পাশ বোর্ডের ওয়েব সাইটে প্রকাশিত বৃত্তি তালিকায় নাম থাকলে “ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর স্মারক নম্বর ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০.২৩৬ তারিখ : ১৬/০৩/২০২২” খিস্টাব্দের আলোকে “২০২১ সালের এস.এস.সি পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীদের তথ্য MIS Software এ এন্ট্রি সংক্রান্ত বিজ্ঞপ্তি” আলোকে G2P পদ্ধতিতে EFT এর মাধ্যমে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে সরাসরি প্রেরণ করা হবে। তদুপলক্ষে এ কলেজে একাদশ শ্রেণীতে অধ্যয়নরত বোর্ড বৃত্তিপ্রাপ্ত সকল ছাত্র/ছাত্রীদের নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণ করতঃ প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র ও বৃত্তির নির্ধারিত তথ্য ছক পূরণকরে আগামী ২৩/০৩/২০২২ খ্রি: তারিখের মধ্যে উচ্চ মাধ্যমিক শাখায় জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হল।

বি.দ্র.- নির্দিষ্ট তারিখের মধ্যে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণ করতঃ আবেদন পত্র, অনলাইন সুবিধা সম্পন্ন ব্যাংক হিসাব নম্বরসহ অন্যান্য কাগজপত্র জমা না দেয়ার দরুন বোর্ড বৃত্তি না পেলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। বিষয়টি অতীব জরুরী।

অনুসরণীয় নির্দেশাবলী :-

- ১/ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের নিয়মিত ও ধারাবাহিকভাবে অধ্যয়নরত থাকতে হবে;
- ২/ বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে / ১৮ বছরের নিচে শিক্ষার্থীদের পিতা/ মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব / ছুল ব্যাংক হিসাব খুলতে হবে;
- ৩/ যৌথ নামে ব্যাংক হিসাব / ছুল ব্যাংক হিসাব খোলা হলে যৌথ নামই উল্লেখ করতে হবে;
- ৪/ শিক্ষার্থীর একক বা যৌথ নামের একাউন্ট নম্বর ব্যতীত পিতা/ মাতা/ অন্য কোন আইন সংগত অভিভাবকের ব্যাংক হিসাব প্রদান করা যাবে না।
- ৫/ শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
- ৬/ অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পুরন করতে হবে; ব্যাংক হিসাবটি বর্তমানে সচল থাকতে হবে।
- ৭/ বিকাশ, শিউর ক্যাশ নগদসহ এ ধরনের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান করা যাবে না;
- ৮ / শিক্ষার্থীর পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম, সন ও জিপিএ সঠিক ও নির্ভুলভাবে পুরন করতে হবে;
- ৯/ বৃত্তির ক্যাটাগরি (মেধা ও সাধারণ) সঠিক ও নির্ভুলভাবে পুরন করতে হবে;
- ১০/ ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিক ভাবে পুরন করতে হবে;

আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হবে (ফটোকপি সুষ্পষ্ট হতে হবে) :-


- ১/ ভর্তি ফরমের ফটোকপি।
- ২/ এস.এস.সি পরীক্ষা পাশের একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি।
- ৩/ বোর্ড বৃত্তি তালিকার ফটোকপি (নাম সন্মিলিত পৃষ্ঠার)।
- ৪/ ব্যাংক হিসাব নম্বর সন্মিলিত কাগজ।
- ৫/ শিক্ষার্থীর জন্ম সনদের ফটোকপি।
- ৬/ পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
- ৬/ সংশ্লিষ্ট বিদ্যালয় হতে সংগ্রহকৃত বোর্ডবৃত্তি সংক্রান্ত পত্যয়নপত্র।

কপি বিতরণ :-

- ১। উপাধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ২। সন্দ্যানক, শিক্ষক পরিষদ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৩। অধ্যক্ষ, উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর-২০১১-২০২২, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৪। অধ্যক্ষ, কেন্দ্রীয় মন্ত্রিসভা কমিটি-২০২১, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৫। তথ্য কর্মকর্তা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৬। প্রধান সহকারী, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৭। হিসাব রক্ষক/আশিফার, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৮। শাখা সহকারী, উচ্চ মাধ্যমিক শাখা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৯। নোটিশ বোর্ড, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ১০। সংরক্ষণ নথি।

In Notice-S

- 201 -


(প্রফেসর কাজী মনজুর কাদির)

অধ্যক্ষ
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

এফেসর কাজী মনজুর কাদির
আই.ডি নং-০৩০০৬৭০৭

অধ্যক্ষ
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

